আজকের কাগজ

তারিখ 14 AUG 1992
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ২ ...

23

# ঢাকা বোর্ডের এসএসসি পরীক্ষার ফল প্রকাশ

## পাসের হার ৬৩ দশমিক ৫

**কাগজ প্রতিবেদক :** গতকাল বৃহস্পতিবার বিকেলে ঢাকা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের ১৯৯২ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষার ফলাফল ঘোষণা করা হয়েছে। মোট ১ লাখ ৭৪ হাজার ৬শ' ৫৮ জন পরীক্ষার্থীর মধ্যে ১ লাখ ৬৮ হাজার ১শ' ২২ জন অংশ নেয় এবং ১ লাখ ৫ হাজার ৯শ' ৯৭ জন কৃতকার্য হয়েছে। পাসের হার শতকরা ৬৩ দশমিক ৫। কৃতকার্য শিক্ষার্থীর মধ্যে ৫৪ হাজার ৭শ' ৪৪ জন প্রথম বিভাগ, ৪০ হাজার ৮শ' ৫৬ জন দ্বিতীয় বিভাগ এবং ১০ হাজার ৩শ' ৯৭ জন তৃতীয় বিভাগে পাস করেছে। পরীক্ষায় অংশগ্রহণকারীদের মধ্যে ১ লাখ ৬ হাজার ৩০ জন ছাত্র এবং ৬২ হাজার ৯২ জন ছাত্রী। ছাত্রদের পাসের হার ৬৫ দশমিক ৫ এবং ছাত্রীদের ৫৮ দশমিক ৮৬। অনিয়মিত মোট পরীক্ষার্থীর মধ্যে ১১ হাজার ৫শ' ২৬ জন অংশ নিয়ে ৪ হাজার ৬১ জন পাস করেছে। এরমধ্যে ৬শ' ৯ জন প্রথম বিভাগ, ২ হাজার ৫শ' ৫৫ জন দ্বিতীয় বিভাগ এবং ৮শ' ৯৭ জন তৃতীয় বিভাগে পাস করেছে।

পরীক্ষায় সম্মিলিত মেধা তালিকায় প্রথম হয়েছে সেন্ট যোশেফ উচ্চ বিদ্যালয়ের ছাত্র ওমর সিরাজুল হাসান (রোল-৪৪৪১) সে সাতটি বিষয়ে মোট ৯২০ নম্বর পেয়েছে। দ্বিতীয় স্থান অধিকার করেছে গভর্নমেন্ট ল্যাবরেটরী স্কুলের এ এইচ হাসানাৎ কবীর (রোল-৩৯৯৭)। ৭টি বিষয়ে লেটারসহ তার প্রাপ্ত নম্বর ৯২০। ৯১৭ নম্বর পেয়ে তৃতীয় স্থান লাভ করেছে ইউনিভার্সিটি ল্যাবরেটরী স্কুলের আবদুল্লাহ আল-আমীন (রোল-৪৪৯৪)। সেও ৭টি বিষয়ে লেটার পেয়ে তৃতীয় স্থান লাভ করে।

মেয়েদের মধ্যে বিজ্ঞান বিভাগে ভিকারুননিসা নূন স্কুলের ছাত্রী ফারাহ ফারজানা (রোল-১০৭০৯) সাতটি বিষয়ে লেটারসহ (বাং, ইং, গ, ভূ, ই,ধ, সাবি, উগ) ৯১০ নম্বর পেয়ে প্রথম স্থান অধিকার করেছে। ময়মনসিংহ গার্লস ক্যাডেট কলেজের আয়েশা হক (রোল-৫৬০২৭) সাতটি বিষয়ে লটারসহ ৯০৮ নম্বর পেয়ে বিজ্ঞান বিভাগে দ্বিতীয় এবং ভিকারুননিসা নূন স্কুলের শামসি তামান্না ইকবাল (রোল-১০৭১০) ৯০৭ নম্বর পেয়ে তৃতীয় স্থান লাভ করেছে। সমাজ বিজ্ঞান বিভাগে মেধা তালিকায় প্রথম স্থান অধিকার করেছে ভিকারুননিসা নূন স্কুলের ছাত্রী তাবাচ্ছুম সামাদ চৌধুরী (রোল-৬৯৭৯৮)। সে ৬টি বিষয়ে লেটারসহ ৮৬৬ নম্বর পেয়ে প্রথম স্থান অধিকার করে। মিরপুর গার্লস আইডিয়েল ল্যাবরেটরী ইনস্টিটিউটের ছাত্রী ইসরাত আরা ৬টি বিষয়ে লেটারসহ ৮৫৫ নম্বর পেয়ে দ্বিতীয় স্থান অধিকার করেছে। তৃতীয় স্থান লাভ করেছে খিলগাঁও সরকারি উচ্চ বিদ্যালয়ের জে, ইউ, এম, নাজমুল হোসেন (রোল-৯৬২৩২)। ৬টি বিষয়ে লেটারসহ তার প্রাপ্ত নম্বর ৮৫০। নরসিংদীর ব্রাহ্মনদী কে কে এম সরকারি উচ্চ বিদ্যালয়ের ছাত্র আবু সালেহ মোহাম্মদ ওবায়দুল্লাহ ৮৪৮ নম্বর পেয়ে চতুর্থ হয়েছে।

সমাজ বিজ্ঞান বিভাগে মেয়েদের মধ্যে ভিকারুন নিসা নূন স্কুলের তাবাচ্ছুম সামাদ চৌধুরী (রোল-৬৯৭৯৮) ৮৬৬ নম্বর পেয়ে প্রথম স্থান লাভ করেছে। মিরপুর গার্লস আইডিয়েল ল্যাবরেটরী ইনস্টিটিউটের ইসরাত আরা (রোল-১১২৮১১) ৮৫৫ নম্বর পেয়ে দ্বিতীয় এবং নরসিংদীর শিবপুর পাইলট উচ্চ বালিকা বিদ্যালয়ের উম্মিয়া আক্তার শিলা (রোল ১১৯৮২০) ৮৪৮ নম্বর পেয়ে মেয়েদের মধ্যে সমাজ বিজ্ঞান বিভাগে তৃতীয় স্থান লাভ করেছে।